গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২১ - জুন ৩০, ২০২২

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৭

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৮

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ২১

সংযোজনী ৪: যেসব নীতি/পরিকল্পনার আলোকে কর্মসম্পাদন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে ........ ২২

সংযোজনী ৫-৯: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ২৩

# মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বস্ত্র ও পাট মন্ত্রণালয় দেশে বিনিয়োগের সুযোগ সম্প্রসারণ তথা শিল্পায়ন, পণ্যের বহুমুখীকরণের মাধ্যমে বাজার সম্প্রসারণ, দক্ষ মানবসম্পদ সৃষ্টি, কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি সর্বোপরি রপ্তানি বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বস্ত্র খাতে রপ্তানি আয় ২০১৮-১৯ ,২০১৯-২০ ও ২০২০-২১ অর্থবছরে যথাক্রমে ৮৪.২০%, ৮২.৯৯% এবং ৮১.১৭% ছিলো । বস্ত্র আইন ২০১৮ প্রণীত হয়েছে। ৬ ডিসেম্বর ২০১৯ প্রথম বারের মত জাতীয় বস্ত্র দিবস উদযাপিত হয়েছে। বস্ত্র খাতে ৮৭৩৮ জন শিক্ষার্থীকে কারিগরি শিক্ষা প্রদান করা হয়েছে। মসলিনের প্রযুক্তি পুনরুদ্ধারের লক্ষ্যে মসলিন কাপড়ের নমুনা প্রস্তুত করা হয়েছে এবং জিআই প্রাপ্ত হয়েছে । বিটিএমসি'র বন্ধ মিল (পিপিপি) এর মাধ্যমে প্রথম পর্যায়ে ২টি মিল চালুর নিমিত্তে আন্তর্জাতিক দরপত্র আহবানের মাধ্যমে প্রাইভেট পার্টনার নির্বাচিত করে আনুষ্ঠানিক ভাবে চুক্তি স্বাক্ষর করা হয়েছে। রাজশাহী রেশম কারখানার ১৯টি লুম চালুর মাধ্যমে রেশম বস্ত্র উৎপাদন শুরু হয়েছে। ৪১ টি জেলার ৯৯ টি উপজেলায় আমার বাড়ি আমার খামার প্রকল্পের ৫২৮ টি সমিতির ২২,৭৩৩ জন সদস্যদের মধ্যে জরিপ করে ২৫২৭ জন চাষীকে রেশম চাষে সম্পৃক্ত করা হয়েছে।এছাড়া জাতীয় রপ্তানিতে পাট ও পাটজাত পণ্য ধারাবাহিকভাবে ২য় অবস্থানে রয়েছে । পাট আইন, ২০১৭ এর অধীন ৪০৭৭৮ সংখ্যক লাইসেন্স ইস্যু ও নবায়নের মাধ্যমে প্রায় ২৩ কোটি ৬০ লক্ষ টাকা রাজস্ব আয় হয়েছে। পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন,২০১০ বাস্তবায়ন হওয়ায় পাটপণ্যের অভ্যন্তরীন চাহিদা বৃদ্ধি পেয়েছে। অভ্যন্তরীণ বাজারে প্রায় ১৯৫ কোটি পাটের বস্তার চাহিদা সৃষ্টি হয়েছে। কৃষকগণ পাটের ন্যায্য মূল্য পাওয়ায় পাটের উৎপাদন বৃদ্ধি পেয়েছে । এছাড়াও পাট ও পাটজাত পণ্যকে কৃষিভিত্তিক পণ্য হিসেবে অনুমোদন প্রদান করা হয়েছে। জেডিপিসির সহায়তায় বহুমূখী পাটপণ্য উৎপাদনকারী ৭১৮ জন উদ্যোক্তা কর্তৃক ২৮২ ধরনের বহুমূখী পাটপণ্য উৎপাদন করা হচ্ছে ,যা পাটপণ্যমেলায় প্রদর্শন ও বিপণনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

বস্ত্র খাতের প্রধান চ্যালেঞ্জ হচ্ছে বস্ত্র আইন, ২০১৮ এর বাস্তবায়ন, বস্ত্র শিল্প (নিবন্ধন ও ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র) বিধিমালা, ২০২১ এবং বায়িং হাউজ নিবন্ধন প্রজ্ঞাপনের আওতায় স্বচ্ছ ও জবাবদিহিমূলক সেবা প্রদান, উৎপাদন উপকরণের মান নিয়ন্ত্রণ, তদারকি ও সমন্বয় সাধন। সরকারি পাটকলগুলো লিজে চালু করা , বস্ত্র ও পাট খাতে আন্তর্জাতিক বাজারের সাথে সংগতি রেখে দক্ষ ব্যবস্থাপক ও কর্মী তৈরি ,তাঁত শিল্পীদের নিজস্ব পেশায় টিকিয়ে রাখা এবং বস্ত্র ও পাট খাতে এসডিজি'র লক্ষ্যমাত্রা অর্জনে বেসরকারি খাতকে অধিকতর কার্যকরভাবে সম্পৃক্ত করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সরকারি পাটকলগুলো ইজারা পদ্ধতিতে দ্রুত চালু করা , পুণ:গ্রহণকৃত কিশোরগঞ্জ টেক্সটাইল মিলে একটি টেক্সটাইল কলেজ স্থাপন ।২০২৪ সালের মধ্যে বস্ত্র ও পাট খাতে গবেষণার জন্য একটি প্রতিষ্ঠান এবং বস্ত্র ও পাট জাদুঘর স্থাপন।পাটজাত পণ্যের অভ্যন্তরীণ ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা । বস্ত্র, পাট, তাঁত ও রেশম খাতে সংশ্লিষ্ট সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান ও স্টেকহোল্ডারদের সাথে কার্যকর যোগাযোগ ও সমন্বয় সাধন, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সকল দপ্তর/সংস্থার সেবা অনলাইনে প্রদান করা। বস্ত্র ও পাট খাতের তথ্য সংরক্ষণের জন্য ডাটাবেজ স্থাপন। বস্ত্র ও পাট খাত সংশ্লিষ্ট ভূমি ব্যবহার নীতিমালা প্রস্তুতকরণ । ২০২২ সালের মধ্যে বাংলাদেশ তাঁত বোর্ডের আওতায় ই-লোন ম্যানেজমেন্ট চালুকরণ । ২০২২ সালের মধ্যে প্রকৃত তাঁতীদের তাঁতী কার্ড বিতরণ । ক্ষতিগ্রস্থ তাঁতীদের সহায়তা করা। উন্নতমানের রেশম সুতা এবং পণ্য উৎপাদন।

**২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- পিপিপি'র আওতায় বিটিএমসি'র বন্ধ মিলসমূহের মধ্যে ৪টি মিল চালুকরণের লক্ষ্যে টেন্ডার মূল্যায়ন সমাপ্ত করা ;
- রোগমুক্ত তুঁত চারা উৎপাদন ও বিতরণে ২০% প্রবৃদ্ধিকরণ ;
- ১০৩০ জন তাঁতীদের মাঝে ঋণ বিতরণ ;
- পাট , রেশম ও তাঁত খাত সংশ্লিষ্ট ২১০০০ জনকে প্রশিক্ষণ প্রদান ।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী, প্রতিনিধি হিসাবে সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০২১ সালের জুলাই মাসের ১৮ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

প্রতিযোগিতাসক্ষম শক্তিশালী বস্ত্র ও পাট খাত।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

কার্যকরী নীতিমালা প্রণয়ন, বস্ত্র ও পাট পণ্যের বহুমুখীকরণ, দক্ষ মানব সম্পদ সৃষ্টি এবং এ খাতের স্টেকহোল্ডারদের মধ্যে শক্তিশালী অংশীদারিত্ব সৃষ্টির মাধ্যমে বস্ত্র ও পাট খাতের উন্নয়ন।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. বস্ত্র ও পাট পণ্যের বহুমুখীকরণ ও বাজার সম্প্রসারণ;
২. মানবসম্পদ উন্নয়ন;
৩. বস্ত্র ও পাট ব্যবসায় সহযোগিতা প্রদান;
৪. বস্ত্র ও পাট খাতের উন্নয়ন এবং প্রযুক্তিগত ও উদ্ভাবনমূলক গবেষণা জোরদারকরণ;

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. বস্ত্র ও পাট খাত সংক্রান্ত নীতি, পরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন;
২. রাষ্ট্রীয় মালিকানাধীন বস্ত্র ও পাট শিল্প ব্যবস্থাপনা;
৩. বস্ত্র ও পাট পণ্যের স্থানীয় ও বৈদেশিক বাজারজাতকরণ সংশ্লিষ্ট সামগ্রিক সমন্বয়;
৪. বস্ত্র ও পাট শিল্প উন্নয়ন ও সম্প্রসারণে বেসরকারি খাতকে সহায়তা প্রদান;
৫. উন্নত ও মানসম্পন্ন বস্ত্র ও পাট পণ্যের উৎপাদন নিশ্চিত করার নিমিত্ত এ খাতে উপযুক্ত নিয়ন্ত্রণ, তত্বাবধান এবং সনদ/লাইসেন্স প্রদান এবং বস্ত্র, তাঁত, রেশম ও পাট খাতে দক্ষ জনবল সৃষ্টি;
৬. দেশের ও আন্তর্জাতিক বাজারের চাহিদা মাফিক বহুমুখী পাট পণ্য উদ্ভাবন, উৎপাদন ও উন্নয়নে যথাযথ কারিগরি ও বাজার গবেষণা;
৭. বস্ত্র ও পাটশিল্পে বিদেশী বিনিয়োগ আকর্ষণ, বস্ত্রশিল্পে বিদেশীদের নিয়োগ সংক্রান্ত বিষয়, আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সাথে চুক্তি এবং অন্যান্য বিষয়ে লিয়াঁজো রক্ষা করা;
৮. বস্ত্র ও পাট খাত নিয়ে গবেষণা।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা ২০২১-২২ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২২-২০২৩ | ২০২৩-২০২৪ | | |
| ২০২৫ সালে পাটজাত পণ্যের রপ্তানি প্রবৃদ্ধি ৭.৮ % এ উন্নীত করা। | রপ্তানিকৃত অধিকতর পাটজাত পণ্য | শতকরা হার | ৬.৬ | ৬.৭ | ৭.০ | ৭.৩ | ৭.৫ | পাট অধিদপ্তর , জেডিপিসি | বাণিজ্য মন্ত্রণালয় , বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো , রপ্তানি উন্নয়ন ব্যুরো , বাংলাদেশ ব্যাংক। |
| ২০২৫ সালে জাতীয় বস্ত্র খাতের রপ্তানিতে তাঁত খাতের প্রবৃদ্ধি ৩ % এ উন্নীত করা। | রপ্তানিকৃত অধিকতর তাঁত পণ্য | শতকরা হার | ২.৫ | ২.৫২ | ২.৫৫ | ২.৫৭ | ২.৬ | বাংলাদেশ তাঁত বোর্ড, রপ্তানি উন্নয়ন ব্যুরো। | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো , রপ্তানি উন্নয়ন ব্যুরো , বাংলাদেশ ব্যাংক। |
| ২০২৫ সালে রেশম সুতা উৎপাদন বৃদ্ধির প্রবৃদ্ধি ২৫% এ উন্নীত করা। | বৃদ্ধিকৃত রেশম সুতা উৎপাদন | শতকরা হার | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো , রপ্তানি উন্নয়ন ব্যুরো , বাংলাদেশ ব্যাংক। | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো , রপ্তানি উন্নয়ন ব্যুরো , বাংলাদেশ ব্যাংক। |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [১] বস্ত্র ও পাট পণ্যের বহুমুখীকরণ ও বাজার সম্প্রসারণ; | ২৫ | [১.১] পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ বাস্তবায়ন | [১.১.১] পাটজাত পণ্যের অভ্যন্তরীণ ব্যবহার বৃদ্ধির হার | ক্রমপুঞ্জিভূত | শতকরা | ১.৫ | | | ২ | ১.৫ | ১.০ | | | ২ | ২.৫ |
| | | | [১.১.২] পরিচালিত মোবাইল কোর্ট | সমষ্টি | সংখ্যা | ১ | ৫৫০ | ১০০০ | ৮০০ | ৭০০ | ৬৫০ | | | ৯০০ | ৯৫০ |
| | | [১.২] বহুমুখী পাট পণ্যের বাজার সম্প্রসারণে মেলা আয়োজন/ অংশগ্রহণ | [১.২.১] আয়োজিত মেলা | সমষ্টি | সংখ্যা | ২ | ৩ | ৪ | ২ | ১ | | | | ৪ | ৪ |
| | | [১.৩] রোগ মুক্ত রেশম ডিম উৎপাদন ও বিতরণ | [১.৩.১] উৎপাদিত ও বিতরণকৃত রোগ মুক্ত রেশম ডিম বৃদ্ধির হার | ক্রমপুঞ্জিভূত | শতকরা | ২.৫ | | | ৮ | ৬ | ৫ | ৪ | | ১০ | ১০ |
| | | [১.৪] তুঁত চারা উৎপাদন ও বিতরণ | [১.৪.১] উৎপাদিত তুঁত চারা বৃদ্ধির হার | ক্রমপুঞ্জিভূত | শতকরা | ৩ | | | ২০ | ১৮ | ১৬ | ১৪ | | ২৫ | ২৫ |
| | | [১.৫] পিপিপি'র আওতায় বিটিএমসি'র ৪টি মিল চালুকরণের লক্ষ্যে আহবানকৃত টেন্ডারের কার্যক্রম চূড়ান্তকরণ। | [১.৫.১] প্রি-বিড মিটিং আয়োজন করা। | তারিখ | তারিখ | ২ | | | ২৭.০১.২২ | ১৫.০২.২২ | ০১.০৩.২২ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| | | | [১.৫.২] আহবানকৃত টেন্ডারের মূল্যায়ন সম্পন্ন করা। | তারিখ | তারিখ | ১ | | | ০১.০৬.২২ | ১৫.০৬.২২ | ৩০.০৬.২২ | | | | |
| | | [১.৬] বিটিএমসির নিকট ন্যস্ত মিল সমূহের ভূমি ও স্থাপনা ব্যবস্থাপনা তদারকি প্রতিবেদন সংগ্রহ। | [১.৬.১] সংগ্রহকৃত প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়নের হার | ক্রমপুঞ্জিভূত | শতকরা | ২ | | | ৭০ | ৬০ | ৫০ | | | | |
| | | [১.৭] তাঁতীদের মাঝে ঋণ বিতরণ কার্যক্রম | [১.৭.১] ঋণপ্রাপ্ত সুবিধাভোগী (পুরুষ ও মহিলা) তাঁতী | সমষ্টি | সংখ্যা | ৩ | | ৮৫০ | ১০৩০ | ১০০০ | ৯৫০ | ৯০০ | | ৮০০ | ৮৫০ |
| | | [১.৮] পাট চাষীদের মাঝে উন্নত মানের বীজ সরবরাহ কার্যক্রম। | [১.৮.১] পাট চাষীদের মাঝে উন্নত মানের বীজ সরবরাহ | সমষ্টি | মে: টন | ২ | ১১৭ | ৩৮০ | ৪০০ | ৩৯০ | ৩৮০ | | | ৪২০ | ৪৫০ |
| | | | [১.৮.২] সম্পাদিত পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ১ | | ২ | ২ | ১ | | | | ৪ | ৪ |
| | | [১.৯] পাট চাষীদের মাঝে উন্নত মানের বীজ নির্ধারিত সময়ে সরবরাহ নিশ্চিতকরণে প্রতিবেদন সংগ্রহ। | [১.৯.১] সংগ্রহকৃত প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়নের হার | ক্রমপুঞ্জিভূত | শতকরা | ২ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| | | [১.১০] নিবন্ধনকৃত বস্ত্রশিল্পের তালিকা, বস্ত্র আমদানি, উৎপাদন ও রপ্তানির তথ্যসহ অন্যান্য তথ্য সংবলিত সংকলন ওয়েবসাইটে প্রকাশ | [১.১০.১] প্রকাশিত সংকলন | তারিখ | তারিখ | ২ | | | ০১.০৫.২২ | ১৬.০৫.২২ | ৩০.০৫.২২ | ০১.০৬.২২ | ২৯.০৬.২২ | | |
| [২] মানবসম্পদ উন্নয়ন; | ১৭ | [২.১] কারিগরি শিক্ষা (বস্ত্র প্রকৌশল/ প্রযুক্তি) প্রদান | [২.১.১] ক্লাস তদারকির লক্ষ্যে আয়োজিত সভা (অনলাইন ও অফলাইন ) | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | | [২.১.২] উত্তীর্ণ শিক্ষার্থী | সমষ্টি | সংখ্যা | ১ | ৩২০০ | ৩৫০০ | ৩৮০০ | ৩৭০০ | ৩৬৫০ | ৩৬০০ | | ৩৯০০ | ৪০০০ |
| | | [২.২] রেশম ও তাঁত খাত সংশ্লিষ্টদের প্রশিক্ষণ প্রদান | [২.২.১] প্রশিক্ষণ প্রাপ্ত ব্যক্তি | সমষ্টি | সংখ্যা | ২ | ৮০০ | ৮৫০ | ৯০০ | ৮৮০ | ৮৭০ | ৮৫০ | | ৮০০ | ৮৫০ |
| | | [২.৩] পাট চাষ বৃদ্ধির লক্ষ্য চাষী প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রশিক্ষণ প্রাপ্ত পাট চাষী | সমষ্টি | সংখ্যা | ২ | ২০০০০ | ২৪৫০০ | ২০০০০ | ১৯০০০ | ১৮০০০ | ১৭০০০ | | ২০০০০ | ২০০০০ |
| | | [২.৪] প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন | [২.৪.১] সম্পাদিত পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ১ | | ৩ | ২ | ১ | | | | ৪ | ৪ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| | | [২.৫] বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | [২.৫.১] প্রশিক্ষণ প্রাপ্ত উদ্যোক্তা | সমষ্টি | সংখ্যা (জন) | ৩ | | ২০০ | ২৫০ | ২২০ | ২০০ | | | ২২০ | ২৫০ |
| | | [২.৬] বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদের ই –মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ | [২.৬.১] আয়োজিত ই –মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ | সমষ্টি | সংখ্যা | ৩ | | | ৩ | ২ | ১ | | | ৪ | ৪ |
| | | [২.৭] মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ শিখন পর্ব ( Learning session ) অয়োজন | [২.৭.১] অয়োজিত মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ শিখন ( Learning session ) পর্ব | সমষ্টি | সংখ্যা | ৩ | | | ৬ | ৫ | ৪ | | | ৬ | ৬ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [৩] বস্ত্র ও পাট ব্যবসায় সহযোগিতা প্রদান; | ১৪ | [৩.১] পাট ও পাটজাত পণ্যের লাইসেন্স প্রদান আবেদন নিষ্পত্তি | [৩.১.১] নিষ্পত্তিকৃত আবেদন | গড় | শতকরা হার | ৩ | | ৯৫ | ৯৬.৫ | ৯৬ | ৯৫.৫ | ৯৫ | | ৯৬ | ৯৬ |
| | | [৩.২] পোষক কর্তৃপক্ষের নিকট দাখিলকৃত আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি | [৩.২.১] নিষ্পত্তিকৃত আবেদন | গড় | শতকরা হার | ৩ | | ৯২ | ৯৫ | ৯০ | ৮৫ | | | ৯৬ | ৯৬ |
| | | [৩.৩] পোষক কর্তৃপক্ষের নিকট দাখিলকৃত আবেদন নির্ধারিত সময়ের মধ্যে ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রের মাধ্যমে নিষ্পত্তি ফলোআপ করণ। | [৩.৩.১] ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র পরির্দশন কালে প্রদত্ত ফিডব্যাক | সমষ্টি | সংখ্যা | ৩ | | | ৩ | ২ | ১ | | | | |
| | | [৩.৪] বয়নোত্তর সেবার মাধ্যমে তাঁত বস্ত্র উৎপাদনে সহায়তা | [৩.৪.১] উৎপাদনে সহায়তাকৃত তাঁত বস্ত্রের পরিমাণ | সমষ্টি | কোটি মিটার | ৩ | ৩.৯ | ৩.৬৮ | ২.৫ | ২.৩ | ২.০ | ১.৮ | | ৩.৫ | ৩.৬ |
| | | [৩.৫] বস্ত্র শিল্প কারখানা (বায়িং হাউজ ও ইটিপিসহ) এবং শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন | [৩.৫.১] পরিদর্শনকৃত প্রতিষ্ঠান | সমষ্টি | সংখ্যা | ২ | ৬২২ | ৬৫০ | ৩৫০ | ৩২৫ | ৩০০ | ২৭৫ | | ৪০০ | ৪২০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [৪] বস্ত্র ও পাট খাতের উন্নয়ন এবং প্রযুক্তিগত ও উদ্ভাবনমূলক গবেষণা জোরদারকরণ; | ১৪ | [৪.১] মসলিন সুতার কাপড় তৈরির প্রযুক্তি পুনরুদ্ধার | [৪.১.১] ফুটি কার্পাস তুলার জিআই এর জন্য তথ্যাদি জমা প্রদান | তারিখ | তারিখ | ২ | | | ৩০.০৫.২২ | ১২.০৬.২২ | ৩০.০৬.২২ | | | | |
| | | [৪.২] বহুমুখী পাট পণ্যে প্রযুক্তিগত ও উদ্ভাবনমূলক বিষয়ক ওয়ার্কশপ/কর্মশালা আয়োজন | [৪.২.১] আয়োজনকৃত ওয়ার্কশপ/কর্মশালা | তারিখ | তারিখ | ২ | | | ৩০.০৫.২২ | ০৯.০৬.২২ | ২৯.০৬.২২ | | | | |
| | | [৪.৩] উন্নত জাতের তুঁতকাটিংস উৎপাদন | [৪.৩.১] উৎপাদিত তুঁতকাটিংস | সমষ্টি | মে: টন | ২ | | | ১০.৫০ | ১০.৪০ | ১০.২০ | ১০.০০ | | ১০.৭০ | ১০.৯০ |
| | | [৪.৪] একটি তুঁতজাত উদ্ভাবনের ১৫% কাজ সম্পন্ন করা | [৪.৪.১] সংকরিত মাতৃজাত হতে বীজ সংগ্রহ কৃত | তারিখ | তারিখ | ২ | | ১ | ০১.০৫.২২ | ০৫.০৫.২২ | ১৫.০৫.২২ | ০১.০৬.২২ | ২০.০৬.২২ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| | | [৪.৫] একটি রেশমকীটজাত উদ্ভাবনের ২০% কাজ সম্পন্ন করা | [৪.৫.১] নির্বাচিত জাতের মধ্যে সংকরায়ন করে Hybrid জাত উদ্ভাবন (প্রারম্ভিক) | তারিখ | তারিখ | ২ | | ১ | ০১.০৫.২২ | ০৫.০৫.২২ | ১২.০৫.২২ | ০২.০৬.২২ | ২১.০৬.২২ | | |
| | | [৪.৬] পাটজাত পণ্যের রপ্তানিতে আর্থিক প্রণোদনা অব্যাহত রাখার লক্ষ্যে মতবিনিময় সভা আয়োজন | [৪.৬.১] আয়োজিত মতবিনিময় সভা | তারিখ | সংখ্যা | ১ | | | ০৩.০৪.২২ | ১৯.০৪.২২ | ০৪.০৫.২২ | ০১.০৬.২২ | | | |
| | | [৪.৭] টেক্সটাইল সংক্রান্ত নতুন শিক্ষা প্রতিষ্ঠান চালু করা | [৪.৭.১] চালু কৃত নতুন শিক্ষা প্রতিষ্ঠান | তারিখ | তারিখ | ২ | | | ০১.০৫.২২ | ১০.০৫.২২ | ১৭.০৫.২২ | ৩১.০৫.২২ | | | |
| | | [৪.৮] জেডিপিবি আইন-২০২১ মহান জাতীয় সংসদে প্রেরণ। | [৪.৮.১] মহান জাতীয় সংসদে প্রেরণকৃত জেডিপিবি আইন | তারিখ | তারিখ | ১ | | | ১০.০৫.২২ | ১৯.০৫.২২ | ০২.০৬.২২ | ৩০.০৬.২২ | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [১] সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় মাননীয় মন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

১৮.০৭.২০২১

সচিব
বস্ত্র ও পাট মন্ত্রণালয়

তারিখ

১৮.০৭.২০২১

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | জেডিপিসি | জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার |
| ২ | টিভিআই | টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট , বস্ত্র অধিদপ্তরের অধীন ৪২টি টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট রয়েছে। |
| ৩ | পোষক কর্তৃপক্ষ | বস্ত্র শিল্প সংশ্লিষ্ট সেবা প্রদানের জন্য স্পনসরিং কর্তৃপক্ষ |
| ৪ | বিএসডিবি | বাংলাদেশ সেরিকালচার ডেভেলপমেন্ট বোর্ড |
| ৫ | বিজেএমসি | বাংলাদেশ জুট মিলস্ কর্পোরেশন |
| ৬ | বিটিএমসি | বাংলাদেশ টেক্সটাইল মিলস্ কর্পোরেশন |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ বাস্তবায়ন | [১.১.১] পাটজাত পণ্যের অভ্যন্তরীণ ব্যবহার বৃদ্ধির হার | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট-২ শাখা | পাট অধিদপ্তরের মহাপরিচালকের স্বাক্ষরিত ত্রৈমাসিক প্রতিবেদন , যা মন্ত্রণালয়ের মাসিক সভায় উল্লেখিত করা হবে । |
| | [১.১.২] পরিচালিত মোবাইল কোর্ট | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট-২ শাখা | পাট অধিদপ্তরের মহাপরিচালকের স্বাক্ষরিত ত্রৈমাসিক প্রতিবেদন , যা মন্ত্রণালয়ের মাসিক সভায় উল্লেখিত করা হবে । |
| [১.২] বহুমুখী পাট পণ্যের বাজার সম্প্রসারণে মেলা আয়োজন/ অংশগ্রহণ | [১.২.১] আয়োজিত মেলা | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট-২ শাখা | আয়োজিত মেলার তালিকা |
| [১.৩] রোগ মুক্ত রেশম ডিম উৎপাদন ও বিতরণ | [১.৩.১] উৎপাদিত ও বিতরণকৃত রোগ মুক্ত রেশম ডিম বৃদ্ধির হার | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -২ শাখা | বাংলাদেশ রেশম বোর্ডের মহাপরিচালকের স্বাক্ষরিত ত্রৈমাসিক সুবিধাভোগী চাষীর তালিকার প্রতিবেদন , যা মন্ত্রণালয়ের মাসিক সভায় উল্লেখিত করা হবে |
| [১.৪] তুঁত চারা উৎপাদন ও বিতরণ | [১.৪.১] উৎপাদিত তুঁত চারা বৃদ্ধির হার | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -২ শাখা | বাংলাদেশ রেশম বোর্ডের মহাপরিচালকের স্বাক্ষরিত ত্রৈমাসিক সুবিধাভোগী চাষীর তালিকার প্রতিবেদন , যা মন্ত্রণালয়ের মাসিক সভায় উল্লেখিত করা হবে |
| [১.৫] পিপিপি’র আওতায় বিটিএমসি’র ৪টি মিল চালুকরণের লক্ষ্যে আহবানকৃত টেন্ডারের কার্যক্রম চূড়ান্তকরণ। | [১.৫.১] প্রি-বিড মিটিং আয়োজন করা। | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -৩ শাখা | সভার কার্যবিবরনী |
| [১.৫] পিপিপি’র আওতায় বিটিএমসি’র ৪টি মিল চালুকরণের লক্ষ্যে আহবানকৃত টেন্ডারের কার্যক্রম চূড়ান্তকরণ। | [১.৫.২] আহবানকৃত টেন্ডারের মূল্যায়ন সম্পন্ন করা। | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -৩ শাখা | টেন্ডারের মূল্যায়ন কমিটির পত্র |
| [১.৬] বিটিএমসির নিকট ন্যস্ত মিল সমূহের ভূমি ও স্থাপনা ব্যবস্থাপনা তদারকি প্রতিবেদন সংগ্রহ । | [১.৬.১] সংগ্রহকৃত প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়নের হার | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -৩ শাখা | প্রতিবেদনের কপি ও প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়নের হার |
| [১.৭] তাঁতীদের মাঝে ঋণ বিতরণ কার্যক্রম | [১.৭.১] ঋণপ্রাপ্ত সুবিধাভোগী (পুরুষ ও মহিলা) তাঁতী | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র-২ শাখা | বাংলাদেশ তাঁত বোর্ডের চেয়ারম্যানের স্বাক্ষরিত ত্রৈমাসিক তাঁতীদের তালিকার প্রতিবেদন , যা মন্ত্রণালয়ের মাসিক সভায় উল্লেখিত করা হবে |
| [১.৮] পাট চাষীদের মাঝে উন্নত মানের বীজ সরবরাহ কার্যক্রম । | [১.৮.১] পাট চাষীদের মাঝে উন্নত মানের বীজ সরবরাহ | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট-২ শাখা | প্রকল্প পরিচালকের প্রত্যয়নের ভিত্তিতে পাট অধিদপ্তরের মহাপরিচালকের স্বাক্ষরিত উন্নত মানের বীজ প্রাপ্ত চাষীর তালিকার ত্রৈমাসিক প্রতিবেদন , যা মন্ত্রণালয়ের মাসিক সভায় উল্লেখিত করা হবে । |
| | [১.৮.২] সম্পাদিত পরিদর্শন | বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক গঠিত পরিদর্শন দল | পরিদর্শন দলের প্রতিবেদন |
| [১.৯] পাট চাষীদের মাঝে উন্নত মানের বীজ নির্ধারিত সময়ে সরবরাহ নিশ্চিতকরণে প্রতিবেদন সংগ্রহ । | [১.৯.১] সংগ্রহকৃত প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়নের হার | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট-২ শাখা | সংগ্রহকৃত প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১০] নিবন্ধনকৃত বস্ত্রশিল্পের তালিকা, বস্ত্র আমদানি, উৎপাদন ও রপ্তানির তথ্যসহ অন্যান্য তথ্য সংবলিত সংকলন ওয়েবসাইটে প্রকাশ | [১.১০.১] প্রকাশিত সংকলন | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -২ শাখা | প্রকাশিত সংকলনের কপি |
| [২.১] কারিগরি শিক্ষা (বস্ত্র প্রকৌশল/ প্রযুক্তি) প্রদান | [২.১.১] ক্লাস তদারকির লক্ষ্যে আয়োজিত সভা (অনলাইন ও অফলাইন ) | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -১ শাখা | সভার কার্য বিবরনী |
| | [২.১.২] উত্তীর্ণ শিক্ষার্থী | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -১ শাখা | উত্তীর্ণ শিক্ষার্থীদের তালিকা |
| [২.২] রেশম ও তাঁত খাত সংশ্লিষ্টদের প্রশিক্ষণ প্রদান | [২.২.১] প্রশিক্ষণ প্রাপ্ত ব্যক্তি | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -২ শাখা | প্রশিক্ষণার্থীগণের তালিকা |
| [২.৩] পাট চাষ বৃদ্ধির লক্ষ্য চাষী প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রশিক্ষণ প্রাপ্ত পাট চাষী | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট-২ শাখা | প্রকল্প পরিচালকের প্রত্যয়নের ভিত্তিতে পাট অধিদপ্তরের মহাপরিচালকের স্বাক্ষরিত প্রশিক্ষণ প্রাপ্ত চাষীর তালিকার ত্রৈমাসিক প্রতিবেদন , যা মন্ত্রণালয়ের মাসিক সভায় উল্লেখিত করা হবে । |
| [২.৪] প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন | [২.৪.১] সম্পাদিত পরিদর্শন | মন্ত্রণালয়ে গঠিত পরিদর্শন দল | পরিদর্শন প্রতিবেদন |
| [২.৫] বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | [২.৫.১] প্রশিক্ষণ প্রাপ্ত উদ্যোক্তা | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট-২ শাখা | সংস্থা প্রধানের স্বাক্ষরিত প্রশিক্ষণ প্রাপ্ত প্রশিক্ষণাথী তালিকার ত্রৈমাসিক প্রতিবেদন , যা মন্ত্রণালয়ের মাসিক সভায় উল্লেখিত করা হবে । |
| [২.৬] বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদের ই –মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ | [২.৬.১] আয়োজিত ই –মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট-২ শাখা | সংস্থা প্রধানের স্বাক্ষরিত প্রশিক্ষণ প্রাপ্ত প্রশিক্ষণাথী তালিকার ত্রৈমাসিক প্রতিবেদন , যা মন্ত্রণালয়ের মাসিক সভায় উল্লেখিত করা হবে । |
| [২.৭] মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ শিখন পর্ব ( Learning session ) অয়োজন | [২.৭.১] অয়োজিত মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ শিখন ( Learning session ) পর্ব | প্রশাসন অনুবিভাগ , প্রশাসন অধিশাখা , প্রশাসন-১ শাখা | প্রশিক্ষণের অফিস আদেশ , হাজিরা |
| [৩.১] পাট ও পাটজাত পণ্যের লাইসেন্স প্রদান আবেদন নিষ্পত্তি | [৩.১.১] নিষ্পত্তিকৃত আবেদন | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট-২ শাখা | পাট অধিদপ্তরের মহাপরিচালকের স্বাক্ষরিত নিষ্পত্তিকৃত আবেদনের তালিকার ত্রৈমাসিক প্রতিবেদন , যা মন্ত্রণালয়ের মাসিক সভায় উল্লেখিত করা হবে |
| [৩.২] পোষক কর্তৃপক্ষের নিকট দাখিলকৃত আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি | [৩.২.১] নিষ্পত্তিকৃত আবেদন | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -১ শাখা | বস্ত্র অধিদপ্তরের মহাপরিচালকের স্বাক্ষরিত নিষ্পত্তিকৃত আবেদনের তালিকার ত্রৈমাসিক প্রতিবেদন , যা মন্ত্রণালয়ের মাসিক সভায় উল্লেখিত করা হবে |
| [৩.৩] পোষক কর্তৃপক্ষের নিকট দাখিলকৃত আবেদন নির্ধারিত সময়ের মধ্যে ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রের মাধ্যমে নিষ্পত্তি ফলোআপ করণ । | [৩.৩.১] ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র পরিদর্শন কালে প্রদত্ত ফিডব্যাক | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র-১ শাখা | প্রদত্ত ফিডব্যাক |
| [৩.৪] বয়নোত্তর সেবার মাধ্যমে তাঁত বস্ত্র উৎপাদনে সহায়তা | [৩.৪.১] উৎপাদনে সহায়তাকৃত তাঁত বস্ত্রের পরিমাণ | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -২ শাখা | উৎপাদনে সহায়তাকৃত তাঁত বস্ত্রের মাস ভিত্তিক বিবরনী |
| [৩.৫] বস্ত্র শিল্প কারখানা (বায়িং হাউজ ও ইটিপিসহ) এবং শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন | [৩.৫.১] পরিদর্শনকৃত প্রতিষ্ঠান | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -১ শাখা ও মন্ত্রণালয়ে গঠিত পরিদর্শন দল | মাস ভিত্তিক পরিদর্শনের তথ্য |
| [৪.১] মসলিন সুতার কাপড় তৈরির প্রযুক্তি পুনরুদ্ধার | [৪.১.১] ফুটি কার্পাস তুলার জিআই এর জন্য তথ্যাদি জমা প্রদান | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -২ শাখা | নমুনা সংশ্লিষ্ট দপ্তরে দাখিলের কপি |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [৪.২] বহুমুখী পাট পণ্যে প্রযুক্তিগত ও উদ্ভাবনমূলক বিষয়ক ওয়ার্কশপ/কর্মশালা আয়োজন | [৪.২.১] আয়োজনকৃত ওয়ার্কশপ/কর্মশালা | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট-২ শাখা | ওয়ার্কশপ/কর্মশালা আয়োজনের নোটিশ |
| [৪.৩] উন্নত জাতের তুঁতকাটিংস উৎপাদন | [৪.৩.১] উৎপাদিত তুঁতকাটিংস | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -২ শাখা | সুবিধাপ্রাপ্ত চাষীর তালিকা |
| [৪.৪] একটি তুঁতজাত উদ্ভাবনের ১৫% কাজ সম্পন্ন করা | [৪.৪.১] সংকরিত মাতৃজাত হতে বীজ সংগ্রহ কৃত | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -২ শাখা | (১) মাতৃ-পিতৃ জাত নির্বাচন করা হবে; ২) নির্বাচিত মাতৃ-পিতৃ জাতসমূহের মধ্যে সংকরায়ন (Hybreedizetion) করা হবে; ৩)সংকরিত মাতৃজাত হতে বীজ সংগ্রহ করা হবে; |
| [৪.৫] একটি রেশমকীটজাত উদ্ভাবনের ২০% কাজ সম্পন্ন করা | [৪.৫.১] নির্বাচিত জাতের মধ্যে সংকরায়ন করে Hybrid জাত উদ্ভাবন (প্রারম্ভিক) | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -২ শাখা | ১) জার্মপ্লাজমে সংরক্ষিত জাতের মধ্য থেকে বিশেষ কিছু বৈশিষ্ট্যের ভিত্তিতে রেশমকীটের মাতৃ-পিতৃ জাত নির্বাচন করা হবে; ২) নির্বাচিত জাতের মধ্যে সংকরায়ন করে Hybrid তৈরি করা হয়। অর্থাৎ F1 (First Generation) তৈরি করা হবে; |
| [৪.৬] পাটজাত পণ্যের রপ্তানিতে আর্থিক প্রণোদনা অব্যাহত রাখার লক্ষ্যে মতবিনিময় সভা আয়োজন | [৪.৬.১] আয়োজিত মতবিনিময় সভা | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট-২ শাখা | সভার নোটিশ ও কার্যবিবরনী |
| [৪.৭] টেক্সটাইল সংক্রান্ত নতুন শিক্ষা প্রতিষ্ঠান চালু করা | [৪.৭.১] চালু কৃত নতুন শিক্ষা প্রতিষ্ঠান | বস্ত্র অনুবিভাগ , বস্ত্র অধিশাখা , বস্ত্র -২ শাখা | নতুন শিক্ষা প্রতিষ্ঠান উদ্বোধনের আমন্ত্রণ পত্র , ছবি |
| [৪.৮] জেডিপিবি আইন-২০২১ মহান জাতীয় সংসদে প্রেরণ । | [৪.৮.১] মহান জাতীয় সংসদে প্রেরণকৃত জেডিপিবি আইন | পাট অনুবিভাগ , পাট অধিশাখা , পাট-২ শাখা | জেডিপিবি আইন-২০২১ মহান জাতীয় সংসদে প্রেরণের কপি । |

# সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| পাট চাষীদের মাঝে উন্নত মানের বীজ সরবরাহ কার্যক্রম । | পাট চাষীদের মাঝে উন্নত মানের বীজ সরবরাহ | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ে সভা আয়োজন |
| কারিগরি শিক্ষা (বস্ত্র প্রকৌশল/ প্রযুক্তি) প্রদান | উত্তীর্ণ শিক্ষার্থী | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ে সভা আয়োজন |

## সংযোজনী ৪: যেসব নীতি/পরিকল্পনার আলোকে কর্মসম্পাদন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে

| ক্রমিক নম্বর | নীতি/পরিকল্পনার নাম | নীতি/পরিকল্পনার যে অংশের আলোকে এপিএ'র কার্যক্রম গ্রহণ করা হয়েছে | এপিএ'র সংশ্লিষ্ট কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | বস্ত্র আইন -২০১৮ | গবেষণা, তথ্যভান্ডারপ্রতিষ্ঠা, তথ্য সংরক্ষণ ইত্যাদি ১৬। (৫) অধিদপ্তর, তথ্য ভান্ডারে রক্ষিত তথ্যাদি বিশ্লেষণ করিবে এবং বার্ষিক ভিত্তিতে নিবন্ধনকৃত বস্ত্রশিল্পের তালিকা, বস্ত্র আমদানি, উৎপাদন ও রপ্তানির তথ্যসহ অন্যান্য তথ্য সংবলিত পুস্তিকা মুদ্রণ এবং ওয়েবসাইটে প্রকাশ করিবে। | [১.৯] নিবন্ধনকৃত বস্ত্রশিল্পের তালিকা, বস্ত্র আমদানি, উৎপাদন ও রপ্তানির তথ্যসহ অন্যান্য তথ্য সংবলিত পুস্তিকা ওয়েবসাইটে প্রকাশ | |
| ২ | বস্ত্র আইন -২০১৮ | বস্ত্রখাতের দক্ষ জনবল সৃষ্টি, ইত্যাদি ১১। (২) সরকার, বস্ত্রখাতে দক্ষ জনবল সৃষ্টির জন্য বিশ্ববিদ্যালয়, কলেজ, ডিজাইন ইনস্টিটিউট, ফ্যাশন ইনস্টিটিউট, টেক্সটাইল ট্রেনিং সেন্টার (টিটিসি) স্থাপনের পদক্ষেপ গ্রহণ করিবে। | [৪.৭] টেক্সটাইল সংক্রান্ত নতুন শিক্ষা প্রতিষ্ঠান চালু করা | |
| ৩ | বস্ত্র আইন -২০১৮ | বস্ত্রখাতের দক্ষ জনবল সৃষ্টি, ইত্যাদি ১১। (১) সরকার, বস্ত্রখাতে দক্ষ জনবল সৃষ্টির লক্ষ্যে, প্রয়োজনীয় সংখ্যক শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন এবং প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করিবে। | [২.১] কারিগরি শিক্ষা (বস্ত্র প্রকৌশল/ প্রযুক্তি) প্রদান | |
| ৪ | বস্ত্র আইন -২০১৮ | ওয়ানস্টপসার্ভিস ৬। (১) বস্ত্রশিল্প সংশ্লিষ্ট কোনো প্রকল্প বা উদ্যোগ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট উদ্যোক্তা বা বিনিয়োগকারী গণকে প্রয়োজনীয় অবকাঠামোগত সুবিধাসহ আনুষঙ্গিক সকল সেবা, সুবিধা, প্রণোদনা, অনুমতি, ছাড়পত্র, লাইসেন্স, পারমিট ইত্যাদি প্রদান দ্রুত নিশ্চিত করণের লক্ষ্যে একটি ওয়ানস্টপ সার্ভিসকেন্দ্র থাকিবে। | [৩.৩] পোষক কর্তৃপক্ষের নিকট দাখিলকৃত আবেদন নির্ধারিত সময়ের মধ্যে ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্রের মাধ্যমে নিষ্পত্তি ফলোআপ করণ। | |
| ৫ | নির্বাচনী ইশতেহার ২০১৮ | রপ্তানি বহুমুখীকরণের ক্ষেত্রে সম্ভাবনাময় খাত হেসেবে পাটজাত পণ্যের রপ্তানিতে আর্থিক প্রণোদনা অব্যাহত রাখা হবে | [৪.৬] পাটজাত পণ্যের রপ্তানিতে আর্থিক প্রণোদনা অব্যাহত রাখার লক্ষ্যে মতবিনিময় সভা আয়োজন | |

## সংযোজনী ৫-৯: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ